ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭


স্মারক নং-ইআবি/একা-৩৯/কা.২বছর.ভর্তি/২০১৮/০০০২৬৮ তারিখঃ ০৫ আশ্বিন ১৪২৯ বাং; ২০ সেপ্টেম্বর ২০২২ খ্রি:

# ২০২০-২০২১ শিক্ষাবর্ষে কামিল স্নাতকোত্তর (২ বছর মেয়াদী) শ্রেণিতে ১ম পর্বে ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধীনে কামিল স্নাতকোত্তর প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত মাদরাসাসমূহের অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে কামিল স্নাতকোত্তর (২ বছর মেয়াদী) শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীরা নিম্নোল্লেখিত ভর্তির যোগ্যতার নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট মাদরাসাসমূহে ভর্তি হতে পারবে।

১। ভর্তির যোগ্যতা ঃ

(ক) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাজিল (পাস) ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষা- ২০১৯ ও ২০২০- এ উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে কামিল স্নাতকোত্তর (২ বছর মেয়াদী) শ্রেণিতে ১ম পর্বে ভর্তি হতে পারবে।

(খ) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে কামিল স্নাতকোত্তর (২ বছর মেয়াদী) চূড়ান্ত পরীক্ষা- ২০১৮ ও ২০১৯ এ উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২০-২০২১ শিক্ষাবর্ষে কামিল স্নাতকোত্তর (২ বছর মেয়াদী) শ্রেণিতে ১ম পর্বে অন্য যে কোন বিষয়ে নিয়মিত শিক্ষার্থী হিসেবে ভর্তি হয়ে রেজিস্ট্রেশন করতে পারবে।

২। ভর্তি কার্যক্রম সম্পন্নের নিমিত্তে গঠিত কমিটিঃ
প্রতিটি মাদরাসায় নিম্নরূপে গঠিত একটি কমিটি স্থানীয়ভাবে ভর্তি কার্যক্রম সম্পন্ন করবে:

| | | |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | আহবায়ক |
| ২ | একজন শিক্ষক প্রতিনিধি (গভর্নিংবডি/এডহক কমিটির সদস্য, তবে সরকারী মাদরাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মনোনীত একজন শিক্ষক) | সদস্য |
| ৩ | কামিল পর্যায়ের একজন শিক্ষক (প্রভাষক/ সহকারী অধ্যাপক, অধ্যক্ষ কর্তৃক মনোনীত) | সদস্য |

৩। ভর্তি সংক্রান্ত সময়সূচী:

(ক) বিলম্ব ফি' ছাড়া ভর্তি ২০/০৯/২০২২ খ্রি. তারিখ হতে ২২/১১/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত।
(খ) বিলম্ব ফি' ছাড়া ভর্তিকৃত শিক্ষার্থীদের আদায়কৃত ফি' জমা দেওয়ার শেষ তারিখ ২৩/১১/২০২২ খ্রি.।
(গ) বিলম্ব ফি' সহ ভর্তি ২৩/১১/২০২২ খ্রি. তারিখ হতে ১২/১২/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত।
(ঘ) বিলম্ব ফি' সহ ভর্তিকৃত শিক্ষার্থীদের আদায়কৃত ফি' জমা দেওয়ার শেষ তারিখ ১৩/১২/২০২২ খ্রি.
(ঙ) অনলাইন রেজিস্ট্রেশন: ভর্তিকৃত শিক্ষার্থীদের ১৮/১২/২০২২ খ্রি. থেকে ১৫/০১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করে ১৬/০১/২০২৩ খ্রি. থেকে ২২/০১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে Final Submit দিতে হবে।

৪। সাধারণ শর্তাবলীঃ

(ক) ফাজিল (পাস) পাশের নম্বরপত্র ও অধ্যক্ষ কতৃক ইস্যুকৃত প্রশংসাপত্রের মূল কপি সংরক্ষণ না করে কোনক্রমেই শিক্ষার্থী ভর্তি করা যাবে না। তবে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ফাজিল (পাস) ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষা- ২০২০ এ উত্তীর্ণ শিক্ষার্থীদের টেবুলেশন শীটের (সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কতৃক সত্যায়িত) কপি দিয়ে - ২০২০-২০২১ শিক্ষাবর্ষে কামিল স্নাতকোত্তর (২ বছর মেয়াদী) শ্রেণিতে ১ম পর্বে ভর্তি করা যাবে। পরবর্তীতে যখন ফাজিল (পাস) পাশের নম্বরপত্র পাওয়া যাবে তা সংশ্লিষ্ট মাদরাসাকে অবশ্যই সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে শিক্ষার্থীদের সকল তথ্য দাখিল পরীক্ষার অনুরূপ হতে হবে।

(খ) নির্ধারিত আবেদন ফরমে স্বাক্ষর নিয়ে শিক্ষার্থীদের ভর্তি করতে হবে। শিক্ষার্থী অথবা অভিভাবকের সম্মতি ব্যতীত কোন শিক্ষার্থীকে ভর্তি করা যাবে না। ভর্তি ফরমে প্রত্যেক শিক্ষার্থীর নিকট থেকে এ মর্মে একটি অঙ্গীকারনামা নিতে

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

হবে যে, "আমি ভালভাবে বুঝে শুনেই এই মাদরাসায় ভর্তি হতে ইচ্ছুক। ভর্তি হওয়ার পর কোন অবস্থাতেই এই মাদরাসা পরিবর্তন করে অন্য কোন প্রতিষ্ঠানে ভর্তির জন্য আবেদন করবো না"।

(গ) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে কামিল স্নাতকোত্তর (২ বছর মেয়াদী) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রত্যেকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি (টুপি/ওড়না পরিহিত) রঙিন ছবি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে মাদরাসায় সংরক্ষণ করতে হবে।

(ঘ) সরকারি স্বাস্থ্যবিধি মেনে সকল ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৫। (ক) কামিল স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি' সহ অন্যান্য ফি'-এর হার (শিক্ষার্থী প্রতি):

| নির্ধারিত সময় | আবেদন ফরম ফি' | রেজিঃ ফি' | ভর্তি ফি' | ক্রীড়া ফি' | রোভার স্কাউটস/বি.এন.সি.সি ফি |
|---|---|---|---|---|---|
| বিলম্ব ফি' ছাড়া | ১০০/- | ২০০/- | ৩০০/- | ৫০/- | ২৫/- |
| বিলম্ব ফি' সহ | ১০০/- | ৩০০/- | ৪০০/- | ৫০/- | ২৫/- |

(খ) মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তি ফি', বিলম্ব ভর্তি ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি' (প্রতি শিক্ষার্থী বিলম্ব ফি' ছাড়া ৫০০/- টাকা এবং বিলম্ব ফি'সহ ৬৫০/- টাকা হারে) নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করে "অগ্রণী ব্যাংক লিঃ" এর যে কোন শাখায় জমা দেয়া যাবে (এজেন্ট ব্যাংকিং এ জমা না দেওয়ার অনুরোধ করা হলো)।

(গ) ফি-জমা দেয়ার নিয়মাবলী ঃ

প্রথম ধাপ : **iau.edu.bd/Payment** তে প্রবেশ করুন।

দ্বিতীয় ধাপ : **EIIN** ও **Password** দিয়ে **Login** করুন।

তৃতীয় ধাপ : **Admission & Registration Fee** তে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য পূরণপূর্বক **Save** এ ক্লিক করুন।

চতুর্থ ধাপ : **Payslip Download** করে ব্যাংকে টাকা জমা দিন।

(Payslip Download করতে কোন সমস্যা হলে জনাব মোঃ ফয়সাল আহমেদ, সেকশন অফিসার ০২-২২৩৩২৬৭২৫ এই নাম্বারে যোগাযোগ করুন)

৬। অনলাইন ব্যাংকিং-এর মাধ্যমে ফি' জমার রশিদ ও eSIF লিস্ট সহ আনুষাঙ্গিক কাগজপত্র বিশ্ববিদ্যালয়ে জমা দেয়া সংক্রান্ত তথ্য: সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ কর্তৃক মনোনীত প্রতিনিধিকে রেজিস্ট্রেশন সম্পন্নের পরবর্তী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে অফিস চলাকালীন সময়ে **Payslip** এর মূল রশিদ ও ২ কপি **eSIF** লিস্টসহ আনুষঙ্গিক কাগজপত্র সরাসরি/ ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বছিলা, মোহাম্মদপুরস্থ অস্থায়ী কার্যালয়ের একাডেমিক শাখায় জমা দিতে হবে।

৭। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে কামিল স্নাতকোত্তর শ্রেণিতে ১ম পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাশ ১৩/১২/২০২২খ্রি. তারিখ থেকে শুরু হবে (সরকারি সিদ্ধান্ত মোতাবেক এই তারিখ পরিবর্তন হতে পারে)।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

২০/০৯/২০২২

(মোঃ রেজাউল হক)
রেজিস্ট্রার
email: iau.registr@gmail.com

যোগাযোগের জন্য
০১৭১৯-৫০৭১২৩ (একাডেমিক শাখা)
০১৭০৯-৩৮৯০০৭ ( আই.সি.টি শাখা)